# ডিজিটাল বাংলাদেশ হবে স্মার্ট বাংলাদেশ: তথ্যমন্ত্রী



তথ্যমন্ত্রী স্বপন। ছবি: সংগৃহীত

ডিজিটাল বাংলাদেশের বর্তমান কাঠামোকে আরও আধুনিক করে স্মার্ট বাংলাদেশে রূপ দেওয়ার কথা জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন।

রোববার (১৬ আগস্ট) বরিশাল নগরের কাশিপুর এলাকায় ১৭ কোটি টাকা ব্যয়ে নির্মাণাধীন বিভাগীয় আধুনিক তথ্য কমপ্লেক্সের কাজ উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

তথ্যমন্ত্রী জানান, নতুন এসব তথ্য কমপ্লেক্সে আধুনিক ও সমৃদ্ধ আর্কাইভ গড়ে তোলা হবে। পাশাপাশি প্রযুক্তিনির্ভর বিভিন্ন সেবা চালুর মাধ্যমে তরুণদের দক্ষতা উন্নয়নেও গুরুত্ব দেওয়া হবে।

তিনি বলেন, প্রযুক্তি প্রতিনিয়ত পরিবর্তিত হচ্ছে। এই পরিবর্তনের সঙ্গে তাল মিলিয়ে বাংলাদেশকেও সামনে এগিয়ে যেতে হবে। আধুনিক ও জ্ঞানভিত্তিক দেশ গড়তে সরকারের পাশাপাশি সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান তিনি।

LENS ASIA